



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.৩২.০০১.১৮-৪৮

তারিখঃ ০৫ আগস্ট, ২০১৮খ্রি.

বিষয়: ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং-এ ভর্তিকৃত প্রতিষ্ঠান ভিত্তিক ছাত্র-ছাত্রীদের নামের তালিকা ও প্রয়োজনীয় ভর্তি সংক্রান্ত নির্দেশনাবলী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং প্রথম পর্বে ছাত্র-ছাত্রীদের ক্লাস আগামী ১১/০৮/২০১৮ ইং তারিখে শুরু হবে। আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত নামের তালিকা ওয়েবসাইট লিঙ্কে প্রদান করা হলো ও প্রয়োজনীয় ভর্তি সংক্রান্ত নির্দেশনাবলী নিম্নরূপ:

- ১। ভর্তি ফরম ছাত্র-ছাত্রী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা নিতে হবে (ভর্তি ফরম ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে [www.bteb.gov.bd/www.btebadmission.gov.bd](http://www.bteb.gov.bd/www.btebadmission.gov.bd))।
- ২। ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই মূলনম্বরপত্র জমা নিতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূলনম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে।
- ৩। ছাত্র-ছাত্রীর পার্সপোট সাইজের (০৩) কপি সত্যায়িত রসিদ ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রসংশাপত্রের ফটোকপি জমা নিতে হবে।
- ৪। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল সনদ দেখে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে পরিচালক, (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর ৩০/০৮/২০১৮ ইং তারিখে মধ্যে প্রেরণ করতে হবে। কারিগরি শিক্ষা বোর্ডের মূল সনদের সত্যায়িত কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই-বাছাই করবে এবং ভূয়া বা মিথ্যা সনদ প্রমাণিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে মূল সনদসমূহ নিম্নরূপ:
  - (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র।
  - (খ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে।
  - (গ) শিক্ষা মন্ত্রণালয়াদীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাদীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র।
  - (ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র।
  - (ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সধারীদের সনদ।
- ৫। কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন প্রতিষ্ঠানসমূহে নিম্নলিখিত খাত অনুযায়ী ভর্তি ফি ৮০৫/- (আটশত পাঁচ) টাকা রশিদের মাধ্যমে আদায় করতে হবে।

ক্রম নং	টাকা আদায়ের খাত	ঃ	টাকার হার
১.	ইনস্টিটিউট জামানত (ক্লাস শুরুর এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে)	ঃ	৪০০.০০
২.	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (মধ্য পর্ব, ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট)	ঃ	১২০.০০
৩.	পরিচয় পত্র ফি	ঃ	৩০.০০
৪.	অভিভাবক দিবস ফি (প্রতি সেমিস্টার)	ঃ	২০.০০
৫.	মেডিক্যাল পরীক্ষা ফি (ভর্তির সময়)	ঃ	১০০.০০
৬.	বেতন বই (ভর্তির সময়)	ঃ	১৫.০০
৭.	সাইকেল গ্যারেজ ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	ঃ	২০.০০
৮.	বিবিধ	ঃ	১০০.০০
		=	৮০৫.০০

- ৬। কোন শিক্ষার্থী ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ওয়েবসাইটের লিঙ্কের মাধ্যমে অনুপস্থিত তালিকা প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান, রেজিস্ট্রার ও হিসাবরক্ষক এর সম্মুখে গঠিত কমিটি দ্বারা অনুপস্থিত তালিকা চূড়ান্ত করতে হবে।

(মোঃ আক্তারউজ্জামান)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

